

**REGIONAL NEWS UNIT**  
**ALL INDIA RADIO, AGARTALA**  
**Date: 11-04 -2026**  
**Time: 07:35-07:40 AM Hrs**  
**BENGALI MORNING BULLETIN**

---

**ADC-Election :**

এডিসি নির্বাচনের ভোটকর্মীরা ভোট সামগ্রী নিয়ে কড়া নিরাপত্তার মধ্য দিয়ে আজ নিজ নিজ ভোটকেন্দ্রে পৌঁছে যাবেন। গতকালই নির্বাচনের সর্ব প্রচার শেষ হয়েছে। আগামীকাল ভোট গ্রহণ। এডিসি'র ২৮টি আসনের জন্য মোট ১ হাজার ২৫৭টি ভোট কেন্দ্রে সকাল ৭টা থেকে বিকেল ৪টা পর্যন্ত ভোট গ্রহণ করা হবে। এই নির্বাচনে মোট ১৭৩ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতায় রয়েছেন। মোট ভোটার ৯ লক্ষ ৬২ হাজার ৬৯৭ জন। এদের মধ্যে পুরুষ ভোটার ৪ লক্ষ ৮২ হাজার ২৫ জন, মহিলা ভোটার ৪ লক্ষ ৮০ হাজার ৬৬৬ জন ও অন্যান্য ভোটার রয়েছেন ৬ জন।

\*\*\*\*\*

**DGP-Election :**

রাজ্য পুলিশের মহানির্দেশক অনুরাগ এডিসি নির্বাচনে ভোটারদের নির্ভয়ে ভোট দিতে আহ্বান জানিয়েছেন। গতকাল আগরতলায় পুলিশ সদর দপ্তরে তিনি জানিয়েছেন, অবাধ ও শান্তিপূর্ণভাবে এডিসি নির্বাচন সম্পন্ন করার জন্য নিশ্চিত নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এডিসি'র মোট ১ হাজার ২৫৭টি ভোটকেন্দ্রকে ৩টি ক্যাটাগরিতে ভাগ করা হয়েছে। এরমধ্যে অতিস্পর্শকাতর ৩১১টি, স্পর্শকাতর ৬৯৩টি, ২৫৩টি ভোট কেন্দ্রকে সাধারণ ক্যাটাগরির ভোট কেন্দ্র হিসাবে চিহ্নিত করা হয়েছে। প্রত্যেক ভোট কেন্দ্রে রাজ্য পুলিশ ও টি.এস.আর জওয়ান মোতায়েন থাকবে। তাছাড়া বুথের বাইরে থাকবে কেন্দ্রীয় বাহিনী। আইন-শৃঙ্খলা বজায় রাখতে

প্রতিটি থানা ও জেলা পর্যায়ে অতিরিক্ত নিরাপত্তা কর্মী রাখা হবে। পুলিশের মহানির্দেশক অনুরাগ কোথাও কোনও সমস্যা বা সন্দেহজনক পরিস্থিতি দেখা দিলে সঙ্গে সঙ্গে তা পুলিশ কন্ট্রোল রুমের ১১২ নম্বরে জানানোর জন্য অনুরোধ জানিয়েছেন।

\*\*\*\*\*

### **ADC-BNSS :**

এডিসি নির্বাচন উপলক্ষ্যে শান্তি-শৃঙ্খলা বজায় রাখতে ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতার ১৬৩ ধারা অনুযায়ী রাজ্যের সবকয়টি জেলার জেলাশাসকগণ কিছু নিষেধাজ্ঞা জারি করেছেন। এই আদেশ অনুযায়ী নির্বাচন প্রক্রিয়া সুষ্ঠু, অবাধ ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার লক্ষ্যে এবং আইন-শৃঙ্খলা বজায় রাখতে, আগামী ১৩ই এপ্রিল, সকাল ৬টা পর্যন্ত রাজ্যের সবকয়টি এডিসি আসন এলাকায় ৫ বা ততোধিক ব্যক্তির সমাবেশ সম্পূর্ণরূপে নিষিদ্ধ করা হয়েছে। ভোটগ্রহণ কেন্দ্রের ২০০ মিটার ব্যাসার্ধের মধ্যে বিশেষ নজরদারি থাকবে। তবে, নির্বাচনের কাজে নিয়োজিত কর্মী, নিরাপত্তা বাহিনী, বৈধ পাসধারী সংবাদমাধ্যম, বৈধ পরিচয়পত্র সহ ভোটার, নিয়মিত সরকারি ও বেসরকারি কাজকর্ম, শিক্ষা প্রতিষ্ঠান, ধর্মীয় আচার-অনুষ্ঠান এবং স্বাভাবিক ব্যবসায়িক কার্যক্রম এই নিষেধাজ্ঞার আওতার বাইরে থাকবে। এই নির্দেশে আরও বলা হয়েছে, কোনও ব্যক্তি যদি এই আদেশ অমান্য করে বেআইনি সমাবেশে অংশগ্রহণ করেন, তবে ভারতীয় ন্যায় সংহিতা, ২০২৩-এর ১৮৯ ধারা অনুযায়ী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। জেলা প্রশাসন সমস্ত নাগরিককে এই নির্দেশ মেনে চলার জন্য অনুরোধ জানিয়েছে, যাতে নির্বাচন প্রক্রিয়া শান্তিপূর্ণভাবে সম্পন্ন হয়।

\*\*\*\*\*

### **Dharmanagar Bye Election :**

ধর্মনগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে ভোট শেষ হওয়ার পর ইভিএম এবং ভিভিপ্যাট পিএমশ্রী ধর্মনগর সরকারি উচ্চ মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে

তৈরি করা স্ট্রং রুমে রাখা হয়েছে। নির্বাচন কমিশনের নিরাপত্তা জনিত প্রটোকল মেনে ভিডিওগ্রাফি করা হয়েছে। স্ট্রং রুমে দুই স্তরের সশস্ত্র নিরাপত্তা ব্যবস্থা করা হয়েছে। পুরো এলাকা ২৪ ঘন্টা সিসিটিভি ক্যামেরার আওতায় রাখা হয়েছে। ভোট গণনার দিন প্রতিদ্বন্দ্বী প্রার্থী বা তাদের প্রতিনিধি এবং নির্বাচন কমিশনের নিযুক্ত কেন্দ্রীয় পর্যবেক্ষকদের উপস্থিতিতে এই স্ট্রং রুম খোলা হবে।

\*\*\*\*\*

### **Destination Tripura: Business Conclave :**

শিল্প ও বাণিজ্য দপ্তরের সচিব কিরণ গিত্যে বলেন, ত্রিপুরা সরকার শিল্পনীতি সংস্কার, পদ্ধতিগত সরলীকরণ এবং সময়বদ্ধ অনুমোদনের মাধ্যমে 'ইজ অব ডুয়িং বিজনেস' কাঠামোকে আরও শক্তিশালী করছে। গতকাল 'ডেস্টিনেশন ত্রিপুরা: বিজনেস কনক্লেভ'এর প্রস্তুতি হিসেবে শিল্প ও বাণিজ্য দপ্তর বেঙ্গালুরুর হোটেল আইটিসি উইন্ডসর-এ 'ডেস্টিনেশন ত্রিপুরা-ইনভেস্টরস' রোডশো' আয়োজন অনুষ্ঠানে একথা বলেন তিনি। অনুষ্ঠানে ত্রিপুরার শিল্প পরিবেশ, সাম্প্রতিক পরিকাঠামোগত উন্নয়ন, নীতিগত উদ্যোগ এবং ক্ষেত্রভিত্তিক বিনিয়োগের সুযোগগুলি তুলে ধরা হয়। শ্রী গিত্যে শিল্প প্রতিনিধিদের দীর্ঘমেয়াদি অংশীদারিত্বের সুযোগ গ্রহণ করার জন্য উৎসাহিত করেন।

\*\*\*\*\*

### **Sarbananda Sonowal :**

বন্দর, নৌপরিবহন ও জলপথ মন্ত্রী সর্বাণন্দ সোনোয়াল বলেছেন, বৈশ্বিক প্রতিকূলতা সত্ত্বেও ভারতের সামুদ্রিক খাত শক্তিশালী ও দক্ষ রয়েছে। সরকার সম্ভাব্য সকল উপায়ে বাণিজ্যিক স্বার্থ রক্ষা করতে এবং ভূ-রাজনৈতিক পরিস্থিতি দ্বারা প্রভাবিত না হয়ে সরবরাহ শৃঙ্খল যাতে টেকসই থাকে, তা নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ।

\*\*\*\*\*

## **DM South-Press Meet :**

দক্ষিণ জেলার জেলা নির্বাচনী আধিকারিক মহম্মদ সাজ্জাদ পি জানিয়েছেন ভোটের ছাড়া অন্যরা ভোটের দিন এডিসি এলাকায় থাকতে পারবেন না। গতকাল এক সাংবাদিক সম্মেলনে তিনি জানান, এডিসি এলাকায় চলাচলেও জারি করা হয়েছে কিছু বিধিনিষেধ। জেলার ১৭৬ টি ভোট গ্রহন কেন্দ্রে যাবতীয় নিরাপত্তা ব্যবস্থা নেওয়া হয়েছে বলে সাংবাদিক সম্মেলনে জানান জেলা পুলিশ সুপার।

\*\*\*\*\*

## **Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সবকটি জেলায় বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। ভোরে আগরতলায় সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৯.৭ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*